সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি

ইসলাম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **পূর্ণমান : ১০০**

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ: $১ \times ৫০ = ৫০$

১। আফ্রিকা মহাদেশের মানুষকে কে লালন- পালন করেন?
ক) দেবদেবী খ) ফেরেস্তাগণ গ) আল্লাহ ঘ) দুর্গা

২। তোমার রিজিকের ব্যবস্থা কে করে দেন?
ক) আল্লাহ খ) কৃষক গ) আব্বা- আম্মা ঘ) মহানবি (স)

৩। তোমার বন্ধু রহিমের ছোট ভাই গত শুক্রবার জন্মগ্রহণ করেছে। বর্তমানে সে কোথায় আছে?
ক) ইহকালে খ) জান্নাতে গ) জাহান্নামে ঘ) আখিরাতে

৪। মৃত্যুর পর ভারতের অধিবাসীদের কার কাছে সাওয়াল জওয়াব দিতে হবে?
ক) নবি ও রাসুলের নিকট খ) জ্বিনদের নিকট
গ) মুনকার নকিরের নিকট ঘ) কিরামান কাতিবিনের নিকট

৫। গোপনে কাউকে গালি দিব না কারণ আল্লাহ-
ক) খালিক খ) রাজ্জাক গ) সামীউন ঘ) হালীমুন

৬। শিক্ষক ধরতে না পারলেও তুমি পরীক্ষার হলে নকল করবে না, কারণ-
ক) এতে বেশি নম্বর পাওয়া যায় না খ) মহান আল্লাহকে ফাঁকি দেওয়া যায় না
গ) ফাঁকি দিয়ে বড় হওয়া যায় না ঘ) শিক্ষককে ঠকালে অভিশাপ পাওয়া যায়

৭। মানুষের অবাধ্যতা যখন চরমে পৌঁছাবে ও আল্লাহর নাম নেওয়ার মত কেউ থাকবে না, তখন কী হবে?
ক) মিযান খ) হাশর গ) কিয়ামত ঘ) সওয়াল- জওয়াব

৮। আল্লাহ তায়ালা আমাদের জন্য অনেক আইন ও বিধান দিয়েছেন। এসব কিছুর জ্ঞান অর্জন করা আমাদের জন্য কী ?
ক) ওয়াজিব খ) ফরজ গ) সুন্নত ঘ) নফল

৯। কবরে সওয়াল – জওয়াব সহজ হবে কীভাবে?
ক) শিক্ষকের কথা শুনে খ) গুণীজনকে অনুসরণ করে
গ) নবী – রাসুলের পথে চলে ঘ) পিতা – মাতাকে অনুসরণ করে

১০। তানিয়ার জান্নাতে যাবার চাবি কী?
ক) সালাত খ) সাওম গ) যাকাত ঘ) হজ

১১। তুমি সুবহি সাদিকের সময় ঘুম থেকে উঠে কোন সালাত পড়বে?
ক) জোহর খ) আসর গ) মাগরিব ঘ) ফজর

১২। কারিমা ঠিক দ্বিপ্রহরে সালাত আদায় করলেন, ইসলামের দৃষ্টিতে তার সালাত আদায় করা কী?
ক) জায়েয খ) মাকরুহ গ) হারাম ঘ) মোবাহ

১৩। আকিকার উদ্দেশ্য কী হওয়া উচিত?
ক) হালাল পশু জবাই করা খ) আল্লাহর সন্তুষ্টি লাভ
গ) আত্নীয়দের খাওয়ানো ঘ) প্রতিবেশীদের সাথে সুসম্পর্ক

১৪। রমজানের সময় তুমি অসুস্থ থাকলে তুমি কী করবে?

ক) রোযা রাখব　　　　　খ) রোযাই রাখব না

গ) যখন ভালো হবো তখন রোযা রাখব　　　　　ঘ) পরবর্তী বছরের রমজানের রোযা জন্য অপেক্ষা করব

১৫। সালাতে দাঁড়িয়ে মনে রাখা জরুরি, আমাকে দেখছেন-

ক) ফেরেশতা　　খ) মুসল্লিরা　　গ) ইমাম　　ঘ) স্রষ্টা

১৬। ধনী – দরিদ্র সকল মুসলমানের উপর ফরজ ইবাদত কোনটি?

ক) সাদকা　　খ) হজ　　গ) যাকাত　　ঘ) সালাত ও সাওম

১৭। তুমি তোমার চারপাশে যা কিছু আছে তার প্রতি দয়া করলে। আল্লাহ তোমার প্রতি কী করবেন?

ক) আল্লাহ রাগ করবেন　　খ) অসন্তুষ্ট হবেন　　গ) আল্লাহ তাকে পুরস্কার দিবেন　　ঘ) দয়া করবেন

১৮। তুমি দেখলে একটি সি এন জি গর্তে পড়ে আটকে গেল, এ মুহূর্তে তোমার করণীয় কী?

ক) তাকিয়ে থাকব　　খ) লোক ডাকতে যাব　　গ) হাতে তালি দেব　　ঘ) ধাক্কা দিয়ে উঠিয়ে দিব

১৯। মেয়েটি মাকে বলল, খলিফা ওমর অন্যায় না দেখলেও স্বয়ং আল্লাহ সব কিছু দেখছেন – তার মনোভাবে কী প্রকাশ পেয়েছে?

ক) তাকওয়া　　খ) তাহজিব　　গ) তামাদ্দুন　　ঘ) তারবিয়াত

২০। আরিফের মা – বাবা দুজনই অসুস্থ, এ মুহূর্তে তার কী করা উচিত?

ক) তাদের গালী দেওয়া　　খ) তাদের সেবা না করা　　গ) তাদের পাহারা দেওয়া　　ঘ) তাদের চিৎকার ব্যবস্থা করা

২১। রাস্তায় চলার সময় পরিচিত কেউ তোমাকে গালি দিলে কী করবে?

ক) পাল্টা গালি দিবে　　খ) বাবা- মাকে জানাবে　　গ) প্রতিবেশীকে জানাবে　　ঘ) ভুলে যেতে চেষ্টা করবে

২২। স্কুলে আসার পথ এক সহপাঠী তোমার জামা কাদা ছুঁড়ে মারলে তুমি কী করবে?

ক) বকা দিবে　　খ) কান্না করবে　　গ) ক্ষমা করে দিবে　　ঘ) তাকেও কাদা দিবে

২৩। মামাতো ভাই বেড়াতে এসে তোমার শখের ফুলের টব ভেঙ্গে দিল। তুমি কী করবে?

ক) ক্ষমা করে দিব　　খ) মাকে গিয়ে বলল　　গ) রাগারাগি করব　　ঘ) মন খারাপ করবে

২৪। মিনার বাবা তাকে চারজন খলিফা সম্পর্কে বললেন। ‘খলিফা’ শব্দের অর্থ কী?

ক) প্রতিনিধি　　খ) নেতা　　গ) আমলা　　ঘ) পরিচালক

২৫। তানিয়া কুরআন শিখতে কয়টি বর্ণ শিখবে?

ক) ২৮ টি　　খ) ৩৯ টি　　গ) ২৯ টি　　ঘ) ১১ টি

২৬। হাবিবা কোন দুইটি বর্ণে তাশদীদ যুক্ত হলে গুন্নাহ করবে?

ক) ح ع　　খ) خ غ　　গ) ء ه　　ঘ) ن م

২৭। মাহফুজের বন্ধু কুরআন তিলাওয়াত (ن) বর্ণে তাশদীদ যুক্ত হরফ পেয়েও গুন্নাহ করেনি, সে কী তরক করেছে?

ক) ফরজ সুন্নাত　　খ) সুন্নাত　　গ) ওয়াজিব　　ঘ) নফল

২৮। ফেরদৌস এমন একটি কিতাবের কথা জানতে পেরেছে, যেই কিতাবটি যেমন নাজিল হয়েছিল, তেমনি আছে। ফেরদৌস কোন কিতাবটির কথা জানতে পেরেছে?

ক) তাওরাত　　খ) যাবুর　　গ) ইনজিল　　ঘ) কুরআন মাজিদ

২৯। মহানবি (স) – এর সাহাবীরা (রা) পৃথিবীর নেতৃত্ব দিতে সক্ষম হয়েছিলেন। তাঁরা কীভাবে এরূপ সক্ষমতা অর্জন করতে পেরেছিলেন?

ক) অপরের হক নষ্ট করে　　　　　খ) কুরআনের অনুসরণ না করে

গ) ক্ষমতার অপব্যবহার করে　　　　　ঘ) কুরআনের আদেশ ও নিষেধ পুরোপুরি মেনে চলে

৩০। আমাদের উচিত এতিমদের সাথে সদ্ব্যবহার করা। কোন সূরায় এতিমদের সাথে সদ্ব্যবহার কথা বলা হয়েছে?

ক) সূরা মাউন খ) সূরা ফীল গ) সূরা কুরাইশ ঘ) সূরা নাস

৩১। কোন সূরায় কুরবানি করতে বলা হয়েছে?

ক) সূরা ফীল খ) সূরা মাউন গ) সূরা কাউসার ঘ) সূরা কাফিরুন

৩২। হযরত খাদিজা (রা) কেন তার ব্যবসা বাণিজ্য পরিচালনার জন্য মহানবি (স) কে নির্বাচিত করেন?

ক) সুন্দর চরিত্র খ) মক্কার অধিবাসী গ) শিক্ষিত ঘ) সুদর্শন

৩৩। মহানবি (স) – এর বাড়ি হতে কুরআন মজিদ নাযিলের প্রথম স্থানটির দূরত্ব কত?

ক) ১ - ২ মাইল খ) ২- ৩ মাইল গ) ৩ – ৪ মাইল ঘ) ৪ – ৫ মাইল

৩৪। কুরআন – এর বাণী সর্বপ্রথম কোথায় পাঠ করা হয়?

ক) কাবা শরিফে খ) মসজিদে নববিতে গ) হেরা গুহায় ঘ) মদিনায়

৩৫। তোমার বন্ধুর দাদা মৃত্যুর পর কত সময় পরকালে থাকবে?

ক) অনন্তকাল খ) ১০০০ বছর গ) ৫০০ বছর ঘ) ৩০০ বছর

৩৬। পৃথিবীর সর্বপ্রথম লিখিত সনদের ধারা কয়টি?

ক) ১৭ টি খ) ২৭ টি গ) ৪৭ টি ঘ) ৩৭ টি

৩৭। ইরাকের একটি শহর ইবরাহীম (আ) – কে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করার ঘটনার জন্য বিখ্যাত, শহরটির নাম কী?

ক) মদিনা খ) হেজাজ গ) বাবেল ঘ) বাইতুল লাহাম

৩৮। মক্কা বিজয়ের পর মহানবি (স) – এর কীরূপ আচরণ প্রতিফলিত হয়েছিল?

ক) ক্ষমা খ) ঘৃণা গ) প্রতিদান ঘ) প্রতিশোধ

৩৯। মিলন ময়লা আর্বজনা যেখানে – সেখানে ফেলে। এ কাজটি না করে মিলন কী করবে?

ক) খালে ময়লা ফেলবে খ) দূরে রাস্তা পার্শ্বে ফেলবে

গ) ডাস্টবিন ব্যবহার করবে ঘ) বাড়ির অদূরে ডোবায় ফেলবে

৪০। শাওন ও মুক্তা শ্রেণিতে হৈ চৈ করে এতে ছাত্র-ছাত্রীদের কী ক্ষতি হয়?

ক) স্মৃতি শক্তি লোপ পায় খ) শএবণ শক্তি বিলুপ্ত হয়

গ) পাঠ গ্রহণে অসুবিধা হয় ঘ) উপরের সব কয়টি

৪১। মৃত ব্যক্তিকে কবরে কয়টি প্রশ্ন করবে?

ক) ৪ টি খ) ৩ টি গ) ৫ টি ঘ) ২ টি

৪২। কিয়ামতের ভয় আমাদের কোনটি থেকে বিরত রাখবে?

ক) টাকা – পয়সা ও ধন সম্পত্তি থেকে খ) সকল খারাপ কথা ও কাজ থেকে

গ) সকল জ্ঞানার্জন থেকে ঘ) সকল বৈধ কাজ থেকে

৪৩। ইলাহ শব্দের অর্থ কী?

ক) রাসুল খ) নবি গ) ফেরেস্তা ঘ) মাবুদ

৪৪। বিতর সালাতে দোয়া কুনুত পড়া কী?

ক) নফল খ) সুন্নত গ) ফরজ ঘ) ওয়াজিব

৪৫। কোনটি শয়তানের কারখানা?

ক) অপবিত্র মন খ) অপবিত্র স্থান গ) সুন্দর বন ঘ) সুসজ্জিত বাড়ি

৪৬। মানব জীবনে সবচেয়ে মূল্যবান সম্পদ কী?

ক) টাকা – পয়সা খ) অক্সিজেন গ) পানি ঘ) সুন্দর চরিত্র

৪৭। কোন উপার্জন উত্তম উপার্জন?

ক) ব্যবসায়ের উপার্জিত অর্থ খ) কৃষকের উপার্জন গ) চাকরিজীবির উপর অর্থ ঘ) শ্রমের উপার্জন

৪৮। মাখরাজ শব্দের অর্থ কী?

ক) বের হওয়ার জায়গা খ) সুন্দরভাবে উচ্চারণ গ) কণ্ঠনালি ঘ) কোনটাই নয়

৪৯। মহানবির মায়ের নাম কী?

ক) হযরত মরিয়ম খ) হযরত রহিমা গ) হযরত হালিমা ঘ) হযরত আমেনা

৫০। কারা মানব জাতির আদর্শ শিক্ষক?

ক) জিন – পরী খ) পয়গম্বরগণ গ) ফেরেশতাগণ ঘ) নবি – রাসুলগণ

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

ক) তুমি পৃথিবীতে পাপ কাজ হতে বিরত থাকলে পরকালে কোথায় অবস্থান করবে?

খ) আল্লাহর অনেকগুলো গুণবাচক নাম রয়েছে। এসব গুণে গুণান্বিত হতে পারলে কোনটি লাভ করা যাবে?

গ) সূর্যাস্তের পরপরই বায়তুল মোকারম মসজিদ থেকে কোন নামাযের আযান দেওয়া হয়?

ঘ) বাংলাদেশের প্রতিটি মানুষ তার দেশকে ভালোবাসে। বাংলাদেশকে ভালোবাসা ইমানের কী?

ঙ) আমির সাহেবের আদি পিতামাতা কে?

চ) ওসমান সঠিক উচ্চারণে কুরআন মজিদ তিলাওয়াত করে, একে আমরা কী বলব?

ছ) জিলানি তার বন্ধু রুহানীকে প্রশ্ন করল,"লাকুম দীনকুম ওয়ালিয়া দীন" এর অর্থ কী?

জ) হযরত নূহ (আ) কেমন চরিত্রের অধিকারী ছিলেন?

ঝ) কুলছুমদের ধর্মগ্রন্থে কতজন নবি – রাসুলের নাম উল্লেখ রয়েছে?

ঞ) আল্লাহর চরম আনুগত্যের পরিচয় দিতে তুমি কোন ইবাদত করবে?

ট) কারা আল্লাহ তায়ালার প্রিয় মানুষ?

ঠ) হাশরের ময়দানে সর্বপ্রথম কিসের হিসাব নেওয়া হবে?

ড) মহানবি (স) শ্রমিকদের পারিশ্রমিক সম্পর্কে কী বলেছেন?

ঢ) কালাম অর্থ কী?

ণ) হিলফুল ফুযূলের উদ্দেশ্য কী ছিল?

৩। ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ ও জ নং প্রশ্ন থেকে যেকোনো ৬টি এবং ঝ ও ঞ নং প্রশ্ন থেকে যেকোনো ১টি সহ মোট ৭টি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

ক) তোমার এলাকার কেউ মারা গেলে তুমি কী কী কাজ করবে তার ৫টি লেখ। ৫

খ) আল্লাহ তায়ালার গুণাবলি সম্পর্কে জানা প্রয়োজন কেন? ৫টি বাক্যে লেখ। ৫

গ) তোমার বন্ধু মাহাবুবরা কুরবানি করার ৫টি কারণ লেখ? ৫

ঘ) তুমি জামাআতের সাথে সালাত আদায় করলে কোন ৫টি পুরস্কার পাবে? ৫

ঙ) তোমার চরিত্র সুন্দর ও আচরণ ভালো করতে হলে যে সকল কাজ করতে হবে তা ৫ বাক্যে লেখ। ৫

চ) মানবাধিকার কী? কোন ধর্ম সকল মানুষের ন্যায্য অধিকার দান করেছে? আমাদের তিনটি নৈতিক দায়িত্ব লেখ। ১+১+৩= ৫

ছ) "কুরআন অপরিবর্তনীয়" বলতে তুমি কী বুঝ? ৫ বাক্যে লেখ। ৫

জ) মহানবি (স) – এর জীবনী হতে যে সকল শিক্ষা গ্রহণ করেছ, তার মধ্যে হতে ৫টি লেখ। ৫

ঝ) রোজা রাখলে কী উপকার হয় পাঁচটি বাক্যে লেখ। ৫

ঞ) বিদায় হজে মহানবি (স) যে ভাষণ দিয়েছিলেন তা সংক্ষেপে লেখ। ৫